দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৪৬/২০২৫ তারিখঃ ১৭/০৮/২০২৫ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর নথি নং- এস ১৫-২২/জেনারেল/লাই:/৭৬(অংশ-৫), তারিখঃ ০৭/০৮/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
**www.chc.gov.bd, E-mail: customhousectg@nbr.gov.bd**

নথি নং: এস ১৫-২২/জেনারেল/লাই:/৭৬(অংশ-৫) তারিখ: ০৭/০৮/২০২৫ খ্রি.

বিষয়: কাস্টম হাউস, চট্টগ্রাম এর সাথে স্টেকহোল্ডারগণের মতবিনিময় সভা।

সভাপতি : জনাব মো: রুহুল আমিন
অতিরিক্ত কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

স্থান : "সমৃদ্ধি" সম্মেলন কক্ষ,
কাস্টম হাউস, চট্টগ্রাম

তারিখ : ২৩ জুলাই, ২০২৫ খ্রি.।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

কাস্টম হাউস, চট্টগ্রাম "সমৃদ্ধি" সম্মেলন কক্ষে শিপিং এজেন্ট কর্তৃক ডি/ও চালান প্রদানের জটিলতা নিরশনের লক্ষে স্টেকহোল্ডারগণের সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন অতিরিক্ত কমিশনার অব কাস্টমস, চট্টগ্রাম। সভায় বিজিএমইএ এর প্রতিনিধি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার এর প্রতিনিধি, চট্টগ্রাম কাস্টমস সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর (নেতৃবৃন্দ) ও চট্টগ্রাম কাস্টম হাউসের লাইসেন্সিং কর্তৃপক্ষ উপস্থিত হয়ে সকল পক্ষের সাথে আলোচনায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় আলোচ্য বিষয় নিয়ে সকল পক্ষ একমত পোষন করেন এবং ইতোপূর্বে এ দপ্তরের পত্র নং- ২/রাজস্ব/যোগাযোগ/১৫/অংশ-১/৪১৪৯(কাস), তারিখ: ২১/০৩/২০১৭ খ্রি. এর আদেশটি বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা নিম্নরূপ:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/সংস্থা |
|---|---|---|---|
| ০১। | শিপিং এজেন্ট কর্তৃক নিয়ম বহির্ভূত বিভিন্ন চার্জগ্রহণ | ফ্রেইট চার্জ গ্রহণের ক্ষেত্রে Prepaid অথবা Freight Collect উল্লেখ থাকলে, নতুন কোন চার্জ আদায় করা যাবে না। CPA'র সার্কুলার-০২/০৭, তারিখ: ১৬/০৫/২০০৭ খ্রি. ও ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ সকল পক্ষ প্রতিপালন করবেন। | শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর সকল প্রতিষ্ঠান। |
| ০২। | পণ্য খালাসের ক্ষেত্রে ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক ডি/ও ইস্যুকরণ | কোন পণ্য চালানের বিপরীতে একাধিক ফ্রেইট ফরওয়ার্ডাস জড়িত থাকলেও শুধুমাত্র যিনি IGM সাবমিট করবেন, তিনিই ডি. ও. ইস্যু করবেন। লাইসেন্স বিহীন কোন ফ্রেইট ফরওয়ার্ডাস কার্যক্রম পরিচালনা করতে পারবেন না। | শিপিং এজেন্ট ও ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এর সকল প্রতিষ্ঠান। |
| ০৩। | বর্তমান সভায়ও উল্লেখিত বিষয়বস্তু নিয়ে একই সিদ্ধান্ত/নির্দেশনা প্রদান করা হয়েছে | | |

৩। উপরোক্ত আদেশ সকল পক্ষকে মেনে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধক্রমে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় আলোচ্য বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে লাইসেন্সিং বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বর্নিতাবস্থায়, সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/
(মো: রুহুল আমিন)
অতিরিক্ত কমিশনার
কমিশনার অব কাস্টমসের পক্ষে।
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং: এস ১৫-২২/জেনারেল/লাই:/৭৬(অংশ-৫)/১১৫৬৯(৬) তারিখ: ০৭/০৮/২০২৫ খ্রি.